যুগান্তর

তারিখ 03 FEB 2016
পৃষ্ঠা 29 কলাম 2

### প্রধানমন্ত্রীর কার্যালয়ে ইউজিসির বৈঠক

# বিশ্ববিদ্যালয় শিক্ষকদের আলটিমেটাম শেষ আজ

**যুগান্তর রিপোর্ট**

বিভিন্ন দাবিতে আন্দোলনরত পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের আলটিমেটাম আজ বুধবার শেষ হচ্ছে। এ অবস্থায় পরবর্তী করণীয় নির্ধারণে আগামীকাল বৈঠকে বসবে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন।

শিক্ষকদের দাবির বিষয়ে দায়িত্বপ্রাপ্ত তিন সিনিয়র সচিব মঙ্গলবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান ও সদস্যদের সঙ্গে বৈঠক করেন। বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব আবুল কালাম আজাদ। এতে শিক্ষকদের দাবি-দাওয়ার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয় বলে জানা গেছে।

বৈঠকে যোগদানকারী এক সদস্য জানান, মোট অধ্যাপকের ২৫ শতাংশকে গ্রেড-১ দেয়ার বিষয়টি অনেকটাই নিষ্পত্তির পথে। তবে শিক্ষকদের প্রধান দাবি 'মোট অধ্যাপকের ৫ শতাংশকে 'ডিসটিংগুইশড অধ্যাপক' করে সিনিয়র সচিবের সমান বেতন-স্কেল প্রদানের বিষয়ে তেমন অগ্রগতি নেই। এ ইস্যুতে সোমবার ইউজিসি ও ফেডারেশনের নেতাদের আরেকটি বৈঠক হয় বলে জানা গেছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের বৈঠক সম্পর্কে জানতে চাইলে ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক মো. আবদুল মান্নান মঙ্গলবার রাতে যুগান্তরকে বলেন, 'আমাদের কাছে শিক্ষকদের বিষয়ে বিভিন্ন তথ্য ও মতামত চেয়েছেন তিন সিনিয়র সচিব। এসবের জন্য আমরা গিয়েছিলাম। আমরা বিভিন্ন আইন-কানুন, কবে থেকে ও কোন আদেশ বলে শিক্ষকরা গ্রেড-১ পাচ্ছেন ইত্যাদি বিষয় জানিয়ে এসেছি। এটা সিদ্ধান্ত গ্রহণের কোনো বৈঠক ছিল না।' তিনি বলেন, 'আমরা সবাই একটা গ্রহণযোগ্য সমাধান চাই। উনারা (সচিব) ব্যক্তিগতভাবে এবং সরকারও বিষয়টির সুরাহা চান। আলোচনা সেই লাইনেই হয়েছে।'

ইউজিসির সঙ্গে ফেডারেশনের বৈঠক সম্পর্কে জানতে চাইলে চেয়ারম্যান বলেন, 'আজকের (মঙ্গলবার) বৈঠককে সামনে রেখে শিক্ষক নেতাদের সঙ্গে আমাদের বৈঠকটি হয়। তারা তাদের দাবিগুলো আনুষ্ঠানিকভাবে আমাদের জানিয়ে গেছেন।'

বিভিন্ন দাবিতে ১১ জানুয়ারি থেকে সব বিশ্ববিদ্যালয়ে টানা নয় দিন কর্মবিরতি পালন করেন বিশ্ববিদ্যালয় শিক্ষকরা। প্রধানমন্ত্রীর আশ্বাসে ১৯ জানুয়ারি কর্মসূচি স্থগিত করার সময় শিক্ষকরা ৩ ফেব্রুয়ারি পর্যন্ত আলটিমেটাম দিয়েছিলেন। সেটি আজ শেষ হচ্ছে।